

২০২২

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-B-3

[চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে নিত্যানন্দ প্রসঙ্গ কতখানি গুরুত্ব পেয়েছে তা আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে বৃন্দাবন দাসের কবিত্ব শক্তি ও বাস্তব দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ৫+৫
- ২। (ক) 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির সংস্কৃতিচর্চার যে পরিচয় পাওয়া যায়, সে সম্পর্কে আলোকপাত করো। ১০  
অথবা,  
(খ) 'জীবনস্মৃতি' গ্রন্থে 'ভূত্ব্যরাজকতন্ত্র' অধ্যায়টি অবলম্বনে রবীন্দ্রনাথের শৈশবকালের পরিচয় দাও। ১০
- ৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থে সৈয়দ মুজতবা আলীর দার্শনিক ভাবুক, কবি মনটি ক্ষণে ক্ষণে ফুটে উঠেছে।— আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে লেখকের খাইবার পাস অতিক্রমের অভিজ্ঞতার বিবরণ দাও। ১০
- ৪। (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদিখণ্ডে প্রতিফলিত হরিদাস ঠাকুরের অসাম্প্রদায়িক ভাবনার পরিচয় দাও। ৫  
অথবা,  
(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে শচীনন্দনের অবতরণের হেতু আলোচনা করো। ৫
- ৫। (ক) 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির নারীদের সম্পর্কে তোমার ধারণা সংক্ষেপে ব্যক্ত করো। ৫  
অথবা,  
(খ) ঠাকুরবাড়িতে স্বদেশিকতার যে আবহ তৈরি হয়, তা সেই সময়ের প্রেক্ষাপটে কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে তা সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

- ৬। (ক) সরাইখানায় থাকার সময় সৈয়দ মুজতবা আলীর বেশকিছু অভিজ্ঞতা সঞ্চিত হয়, তার বিবরণ দাও। ৫
- অথবা,
- (খ) 'দেশে-বিদেশে' গ্রন্থ অবলম্বনে মীর আসলম চরিত্রটির পরিচয় দাও। ৫
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১
- (ক) অদ্বৈত আচার্য প্রসঙ্গ
- (খ) জীবনস্মৃতিতে বঙ্কিম প্রসঙ্গ
- (গ) বলশফ চরিত্র।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) বৃন্দাবন দাসের 'চেতন্যভাগবত'-এর কয়টি অংশ আছে?
- (খ) 'চেতন্যভাগবত' গ্রন্থটির নাম পরিবর্তন করা হয় কেন?
- (গ) 'শচীর দুই শোক'— এই দুটি শোকের হেতু কী?
- (ঘ) দবিরখাস কে ছিলেন?
- (ঙ) 'জীবনস্মৃতি' গ্রন্থে শ্যাম কে?
- (চ) ওরিয়েন্টাল সেমিনারির পর রবীন্দ্রনাথ কোথায় ভর্তি হন?
- (ছ) ডেঙ্গুজ্বরের তাড়নায় সপরিবারে তাঁরা কোথায় আশ্রয় নেন?
- (জ) 'অবোধবন্ধু' পত্রিকাটি কে, কবে প্রকাশ করেন?
- (ঝ) কাবুল শহরে সৈয়দ মুজতবা আলীর ঘনিষ্ঠ সঙ্গী কে কে ছিলেন?
- (ঞ) আমান উল্লাহ প্রাসাদের নাম কী?
- (ট) স্বদেশে ফিরতে চাওয়া ভারতবাসীর নামের তালিকা থেকে মুজতবার নাম কে কেটে দেয়?
- (ঠ) 'বাবুর' শব্দের অর্থ কী?
- (ড) সাদি কে?
- (ঢ) 'জীবনস্মৃতি'-তে উল্লিখিত তিন বালক যারা একসঙ্গে শিক্ষারস্তু করে তারা কে কে?
- (ণ) কাবুলের প্রধান দ্রষ্টব্যস্থান কী কী?